



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন  
ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা,  
ঢাকা। [www.hcu.org.bd](http://www.hcu.org.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট -এর নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	২১-০৯২০২০ ইং
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা, সোমবার
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সদস্য-সচিব, নৈতিকতা কমিটি খ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, নৈতিকতা কমিটি।

## ২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ অর্থ বছরের প্রথম কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। তারপর সভাপতি অত্র অফিসের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কি কি বাস্তবায়ন করতে হবে সেই সম্পর্কে আলোচনা করেন।

২.২ সভাপতি কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করা, উত্তম চর্চার তালিকা প্রণয়ন করা, অনলাইন সিস্টেম অভিযোগ নিষ্পত্তিকরণ করা, পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা, দূর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড তৈরি করা, ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা, জ্বালানি ও টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করা, গাড়ীতে জ্বালানি তৈল ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার কথা বলা। পরিশেষে, সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## ৩.০। সিদ্ধান্তঃ

- ক) অত্র অফিসের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।  
খ) অত্র অফিসের সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- গ) উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।  
ঘ) পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন  
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন  
ইউনিট, নৈতিকতা কমিটি।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.১৪৮

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭

২৯ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।
- ২) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।



মোঃ জাকির হোসেন  
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.১৯৯

তারিখ ৩০ ভাদ্র ১৪২৭  
১৪ সেপ্টেম্বর ২০২০

সভার নোটিশ

হাইড্রোকার্বন ইউনিট-এর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির প্রথম সভা নিম্নবর্ণিত সময়ে অনুষ্ঠিত হবে।

স্থান-মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট

তারিখ- ২১-০৯-২০২০ (সোমবার)

সময়-সকাল ১১:৩০ ঘটিকা

উক্ত সভায় কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

১৪-৯-২০২০

মোঃ জাকির হোসেন  
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)  
ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট